

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ২০. ৬. তালুতের পাপ-স্বীকার ও তাওবা অগ্রাহ্য হল

সর্বশেষ তালুত নিজের পাপ স্বীকার করে ক্ষমা চাইলেন ও তাওবা করলেন। কিন্তু কিছু পশু ও একজন মানুষকে বাঁচিয়ে রাখার অপরাধ এত ভয়ংকর ছিল যে, কোনো তাওবা ও ক্রন্দনই ঈশ্বরের মন গলাতে পারল না।
"তালুত তখন শামুয়েলকে বললেন, 'আমি গুনাহ করেছি। মাবুদের হুকুম আর আপনার নির্দেশ আমি সত্যিই
অমান্য করেছি। এখন আমার প্রতি দয়া করে আমার গুনাহ আপনি মাফ করে দিন, আর আমার সংগে চলুন যাতে
আমি মাবুদের এবাদত করতে পারি।' কিন্তু শামুয়েল তাকে বললেন, 'আমি তোমার সংগে যাব না। তুমি মাবুদের
হুকুম অগ্রাহ্য করেছ তাই মাবুদও তোমাকে বনি-ইসরাইলদের বাদশাহ হিসাবে অগ্রাহ্য করেছেন।" (১ শামুয়েল

Source — https://www.hadithbd.com/books/link/?id=14580

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন